12

তারিখ ..25.NOV..1998 ... ...
পৃষ্ঠা ১০ কলাম ২

দৈনিক ইনকিলাব

২শ' বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে এইচএসসি সমমান সম্পন্ন

# ব্যবসায় ব্যবস্থাপনা কোর্স চালুর প্রকল্পটি আমলাতান্ত্রিক জটিলতায় ঝিমিয়ে পড়েছে

ইনকিলাব রিপোর্ট ঃ দেশের ২শ' বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে এইচএসসি'র সমমানের ব্যবসায় ব্যবস্থাপনা কোর্স চালুর একটি মহৎ ও সুদূরপ্রসারী প্রকল্প এখন আমলাতান্ত্রিক জটিলতায় নিক্ষিপ্ত হয়ে ঝিমিয়ে পড়েছে। এতে করে সাম্প্রতিক মুক্ত অর্থনীতির আওতায় দ্রুত বিস্তৃত ব্যবসা সেক্টরে দক্ষ ও শিক্ষিত কর্মী তৈরী এবং স্বকর্মসংস্থান সৃষ্টির উপযোগী একটি পেশাজীবী শ্রেণী সৃষ্টির প্রচেষ্টা ব্যাহত হতে চলেছে বলে শিক্ষামন্ত্রণালয় সূত্র হতে জানা গেছে। শুরুতে এই প্রকল্পটি বগুড়াস্থ নট্রামস-এর মাধ্যমে বাস্তবায়নের কাজ চালানোর সময় দ্রুত গতিতে প্রকল্পের কাজ চলছিল। পরবর্তীতে প্রকল্পটি কারিগরি শিক্ষা অধিদফতরের হাতে হস্তান্তর করা হয় 'একনেক' সভার সিদ্ধান্ত মোতাবেক। কিন্তু বাস্তব কিছু কারণে প্রকল্পটি বাস্তবায়ন এমন ধীর গতিতে চলছে যে, প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্যই এখন প্রশ্নের সম্মুখীন হয়ে পড়েছে।

শিক্ষামন্ত্রণালয় ও কারিগরি শিক্ষা অধিফতরের একাধিক সূত্র হতে জানা যায়, সরকার দেশের বর্ধিষ্ণু ব্যবসা বাণিজ্য সেক্টরের দক্ষ কর্মীর অভাব দূর করা, বিদেশে দক্ষ ম্যানেজমেন্ট কর্মী প্রেরণ ও শিক্ষিত যুব শ্রেণীর মধ্যে স্বকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে '৯৫-৯৬ অর্থ বছরে নট্রামস-এর মাধ্যমে দেশের ২শ' বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে এইচএসসি পর্যায়ে ব্যবসায় ব্যবস্থাপনা কোর্স চালুর লক্ষ্যে ১৩ কোটি ২১ লক্ষ ২২ হাজার টাকার প্রকল্প হাতে নেয়া হয়। ঐ বছরের এডিপি'তে প্রথম পর্যায়ের ২ বছরে ব্যয় বরাদ্দ রাখা হয় ৮ কোটি টাকা। '৯৫-৯৬ সালে নট্রামস-এর দক্ষ ব্যবস্থাপনায় ৯৭টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ৬ কোটি ৬ লক্ষ ৬৯ হাজার টাকা ব্যয়ে প্রকল্পের কাজ সম্পন্ন হয়। ঠিক এর পরেই একনেক সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব নট্রামস-এর বদলে কারিগরি শিক্ষা অধিদফতরের হাতে ন্যস্ত করা হয়। প্রায় দু'বছর সময় অতিবাহিত হলেও প্রকল্পভুক্ত ২শ' বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বাকি ১শ' ৩টির মধ্যে এখন পর্যন্ত মাত্র ৩৬টি শিক্ষা প্রতিষ্ঠানে কোর্সটি চালু করা সম্ভব হয়েছে। ঐ ৩৬টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রশিক্ষণ চলছে নট্রামসেই। এখানে উল্লেখ্য যে, ব্যবসায় ব্যবস্থাপনা কোর্সটি বাস্তবায়নের দায়িত্ব নট্রামস-এর পরিবর্তে কারিগরি শিক্ষা অধিদফতরে হস্তান্তর করা হলেও শিক্ষক প্রশিক্ষণসহ যাবতীয় কারিগরি সহায়তা দিচ্ছে নট্রামস। ফলে সঙ্গত কারণেই প্রশ্ন দেখা দিয়েছে কেন নট্রামস-এর কাছ থেকে দায়িত্ব হস্তান্তর করা হল। প্রসঙ্গত উল্লেখ যে, ব্যবসায় ব্যবস্থাপনা কোর্সের আওতাভুক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সেক্রেটারিয়াল সাইন্স, কম্পিউটার এ্যাপ্রিকেশন, ব্যাংকিং এ্যান্ড ইন্সুরেন্স, একাউন্টিং ও ইন্টারপ্রেনরশিপ এই ৫টি বিষয়ে মোট ২০ জন ছাত্র-ছাত্রী ভর্তি করতে পারবে। সেক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রকল্পটি বাস্তবায়নের পুরো দায়িত্ব নট্রামস-এর ওপর বহাল রাখায় যুক্তি সঙ্গত বলে কথা উঠেছে। আর সুষ্ঠুভাবে ২শ' বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রতিবছর দেশে ২০ হাজার শিক্ষিত দক্ষ কর্মী বাণিজ্য ক্ষেত্রে বেরিয়ে আসবে বলে অভিজ্ঞ মহলের অভিমত।